

চলচ্চিত্র নির্মাণে ৪০ লাখ টাকা অনুদান পেলেন জবির ৩ শিক্ষার্থী

জবি প্রতিনিধি



সংযুক্ত ছবি

চলচ্চিত্র নির্মাণে ২০২৪-২৫ অর্থবছরের জন্য তথ্য ও সম্প্রচার

মন্ত্রণালয়ের দেওয়া সরকারি অনুদান পেয়েছেন জগন্নাথ

বিশ্ববিদ্যালয়ের (জবি) ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের তিনি

শিক্ষার্থী। গতকাল মঙ্গলবার রাতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

থেকে প্রকাশিত তালিকায় তাদের নাম প্রকাশিত হয়।

সরকারি অনুদানের তালিকায় তাদের নির্মিত দুটি স্বল্পদৈর্ঘ্য

চলচ্চিত্র- ‘একটি সিনেমার জন্য’ ও ‘ভ হাজ মেড আস ফ্লাই?’-

কে নির্বাচিত করা হয়েছে।

সরকারি অনুদানপ্রাপ্ত ২০টি স্বল্পদৈর্ঘ্য এবং ১২টি পূর্ণদৈর্ঘ্য

চলচ্চিত্রের মধ্যে জায়গা করে নেওয়া এ দুটি চলচ্চিত্রের প্রতিটিই

পাছে ২০ লাখ টাকা করে মোট ৪০ লাখ টাকার সরকারি

অনুদান।

‘একটি সিনেমার জন্য’ চলচ্চিত্রির প্রযোজক ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের ১৪তম ব্যাচের শিক্ষার্থী ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফিল্ম ক্লাবের সভাপতি সাদমান শাহরিয়ার। এই চলচ্চিত্রের পরিচালক ও চিত্রনাট্যকার হিসেবে কাজ করেছেন একই ব্যাচের রাবী আহমেদ। অন্যদিকে ‘ভু হ্যাজ মেড আস ফ্লাই?’ চলচ্চিত্রি পরিচালনা ও চিত্রনাট্য রচনা করেছেন বিভাগের ১৫তম ব্যাচের শিক্ষার্থী শাহ সাকিব সোবহান।

এ প্রসঙ্গে প্রযোজক সাদমান শাহরিয়ার বলেন, ‘এটি আমাদের জন্য গর্বের বিষয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে এই প্রথম আমরা সরকারি অনুদান পেলাম। চলচ্চিত্র নির্মাণ একটি ব্যয়বহুল প্রক্রিয়া, শিক্ষার্থী হিসেবে এই ব্যয় বহন করা খুবই কঠিন। এই অনুদানের মাধ্যমে আমরা আমাদের স্বপ্নের চলচ্চিত্র নির্মাণে এগিয়ে যেতে পারব।’

তিনি আরো বলেন, ‘বিশ্ববিদ্যালয় ও সরকারের পক্ষ থেকে আমাদের মতো শিক্ষার্থীদের জন্য চলচ্চিত্র নির্মাণে আরো বিশেষ বরাদ্দ দেওয়া উচিত, যাতে আমরা ভবিষ্যতে আরো ভালো কাজ উপহার দিতে পারি।

,

এ বিষয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শাহ মো. নিসতার জাহান

কবির বলেন, ‘একজন শিক্ষক হিসেবে আমি খুব খুশি। ওদের
অভিনন্দন জানিয়েছি।’